পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4075
Fax : 88-02-9667222
E-mail :examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ৬৫৫-৬৬১/শা-২/প.

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৪
১১ এপ্রিল ২০১৮

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপাল স্ট্রীট, ঢাকা।
৩। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৪। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

মহোদয়,
পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার পরীক্ষার্থীদের আবেদন ফরমপূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

১। শিক্ষার্থী কর্তৃক আবেদন ফরমপূরণ, জমাদান ও কলেজ কর্তৃক ডাটা এন্ট্রি করার তারিখ ঃ

ক্র.নং	বিবরণ		টাকার পরিমাণ
ক)	শিক্ষার্থী কর্তৃক আবেদন ফরমপূরণ শুরু,জমাদান ও কলেজ কর্তৃক এন্ট্রির শেষ তারিখ	ঃ	১২/০৪/২০১৮ হতে ২৫/০৪/২০১৮
খ)	কলেজ কর্তৃক ব্যাংক ড্রাফটের শেষ তারিখ	ঃ	২৬/০৪/২০১৮
গ)	ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফটকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ	ঃ	২৯/০৪/২০১৮

২। ২০১৬ সনের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্সে ২য় বর্ষ পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

ক্র.নং	বিবরণ		টাকার পরিমাণ
ক)	২য় বর্ষ (৭০০ নম্বর) নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট	ঃ	৮০০/- (৭০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
খ)	সার্টিফিকেট কোর্স	ঃ	৩০০/- (২০০/- ফি + ১০০/- ইন-কোর্স ফি)
গ)	মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন	ঃ	৩০০/- (বিশেষ অন্তর্ভুক্তি ফি)+১০০/-হারে (প্রতি পত্র)
ঘ)	কেন্দ্র ফি	ঃ	৪৫০/- কলেজের অংশ ১৫০/- টাকা এবং কেন্দ্রের অংশ ৩০০/- টাকা

(উল্লেখ্য যে, প্রতি বর্ষে ভর্তির সময় ২০০/- টাকা হারে ইন-কোর্স (নিয়মিত/প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স) ফি সংশ্লিষ্ট কলেজ গ্রহণ করে ইন-কোর্স পরীক্ষা সম্পন্ন করবে)

৩। আবেদন ফরম সংগ্রহ ঃ

ডিগ্রী (পাস) ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজে কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (https://7college.du.ac.bd) থেকে প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরমপূরণ করার পর নির্ধারিত ফি-সহ স্ব-স্ব অফিসে জমা দিবে।

৪। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

ক) ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৫ সনের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৫ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্সে ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ-২০১৬-এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে "বাংলা জাতীয় ভাষা" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

গ) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

ক) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সনের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৫ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ-২০১৬-এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৪ সনের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৪ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্সে ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

গ) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্ছনীয়।

অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৫ সনের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্রে/কোর্সে C গ্রেড, D গ্রেড ও F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য

ক) ২০১৪ ও ২০১৫ সনের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ যারা ২০১৪ ও ২০১৫ সনের ১ম বর্ষের পরীক্ষায় ১ম পত্র ও ২য় পত্রে Promoted (উত্তীর্ণ) হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

খ) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। **পাঠ্যসূচি ঃ**
২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার সকল শিক্ষার্থীকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৬। **পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ**
পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর স্বহস্তে পূরণ করে নির্ধারিত ফি-সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয় কোড (ব্যবহারিকসহ) লিখতে হবে। বিষয় কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড লিখতে ভুল হলে তা পুনরায় সঠিকভাবে লিখতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত ডিগ্রীর পেপার কোডের পত্র ছাড়া অন্য কোন পেপার কোডের পত্র আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও ২য় বর্ষে প্রমোশনের ফলাফল কপিসহ নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৭। **কলেজের জন্য করণীয় ঃ**
যে সকল পরীক্ষার্থী ২০১৬ সনের ডিগ্রী পাস ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কলেজের নিজস্ব ই-মেইলে প্রেরণ করা হবে। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তাঁর ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট কপি ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, অফিস প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে ও সফ্টকপি examcontrollera7c@du.ac.bd -এ ই-মেইলে প্রেরণ করবে এবং ফটোকপি কলেজ সংরক্ষণ করবে।

৮। ফি জমাদানের পদ্ধতি ঃ

২০১৬ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:-৪৪০৫৭০৩০০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

৯। বিবরণী ফরম জমা ঃ

আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী অফিস প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বেঁধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রুম নং-৩১০(খ)-এ নির্ধারিত তারিখে জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করবে।

১০। পরীক্ষা পরিচালনা ঃ

কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ হতে প্রতি পরীক্ষার্থী ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় যেমন ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে যাতায়াত, বিবরণী প্রিন্ট/ফটোকপি ইত্যাদি নির্বাহ করবে। অবশিষ্ট ৩০০/- (তিন শত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রে সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) নির্বাহ করবে। পরীক্ষার সময়সূচি ও অন্যান্য কার্যক্রম কলেজ ই-মেইল ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.7collegedu.ac.bd থেকে পাওয়া যাবে।

১১। ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ

নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীরা নিজ নিজ কলেজে উপস্থিত হয়ে ইন-কোর্স পরীক্ষায় ফরম পূরণের পূর্বে অংশগ্রহণ করবে। কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের প্রতিটি পত্রের ইন-কোর্স/টিউটোরিয়াল নম্বর আবেদন ফরম পূরণের নির্ধারিত সেশনে যারা, যে কোডে ফরমপূরণ করবে সে কোডের ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ করতে হবে এবং এর এককপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, জনাব মোঃ মনিরুল ইসলাম-এর নিকট ও সফ্টকপি examcontrollera7c@du.ac.bd প্রেরণ করতে হবে এবং এক কপি সংশ্লিষ্ট অফিসে সংরক্ষণ করতে হবে।

১২। ফলাফল ঃ

এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১৩। পাশ নম্বর ও প্রমোশন ঃ

কোর্সের নম্বর	১০০ (৪ ক্রেডিট) (৮০ নম্বর লিখিত পরীক্ষা এবং ২০ নম্বর ইনকোর্স
সর্বনিম্ন পাস নম্বর	৪০
সর্বনিম্ন গণনাযোগ্য ক্রেডিট	D

* ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে উত্তীর্ণ হওয়ার জন্য ০৭টি পত্রের মধ্যে কমপক্ষে ০৩টি পত্রে D গ্রেড বা তার চেয়ে বেশী গ্রেড পেতে হবে।

* সকল পত্রের পরীক্ষায় উপস্থিত থাকতে হবে।

আপনার বিশ্বস্ত

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
email: examcontrollera7c@du.ac.bd